

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০২.২০১৮-১১৮

তারিখ: ০৫ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীদের অবৈধভাবে নিয়োগদান, স্থায়ী/নিয়মিতকরণ ও উচ্চতর স্কেল প্রদানের বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহন ও বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণের প্রাপ্ত বেতন স্কেল প্রদান প্রসঙ্গে।

সূত্র: টিএমইডি স্মারক নং- ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০২.২০১৮-১১৮, তারিখ: ২৮/০২/২০১৮খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের অবৈধভাবে নিয়োগদান, স্থায়ী/নিয়মিতকরণ ও উচ্চতর স্কেল প্রদানের বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহন ও বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণের প্রাপ্ত বেতন স্কেল প্রদানসহ মন্ত্রণালয়ের জারীকৃত এ সংক্রান্ত আদেশ/প্রজ্ঞাপনকে অবৈধ উল্লেখ করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের (১০২ জন) কর্মকর্তা/কর্মচারী বিভিন্ন অভিযোগ দাখিল করেন। এ বিষয়ে মতামতসহ নিম্নবর্ণিত তথ্যাদি গত ১৫/০৩/২০১৮খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে চাহিত তথ্যাদিসহ মতামত পাওয়া যায়নি।

- ক. সংশ্লিষ্ট নিয়োগ বিধি/প্রবিধান মালা;
- খ. নিয়োগ বিজ্ঞপ্তি;
- গ. সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের যোগদান পত্র;
- ঘ. চাকুরি স্থায়ীকরণের আদেশ;
- ঙ. টাইম স্কেল ও সিলেকশন গ্রেড প্রদানের সংশ্লিষ্ট কাগজ ইত্যাদি;
- চ. সর্বশেষ পদোন্নতির তথ্য; এবং
- ছ. অভিযোগে উল্লেখিত স্মারকসমূহের পত্র।

০২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে (অভিযোগকারী ও অভিযুক্তদের) চাহিত তথ্যাদিসহ মতামত আগামী ৩০/০৪/২০১৮খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুন:রায় অনুরোধ করা হ'ল।

(মো: আবদুল খালেক)
সহকারী সচিব (মাদ্রাসা-২)
৯৫৪৯৩৯৬

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশিবাজার, ঢাকা।

অনুলিপি:

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।